লোহাগাড়ায় ফের সাঁড়াশি অভিযান, গুঁড়িয়ে দেয়া হলো দুই ইটভাটা

এলনিউজ২৪ডটকম: লোহাগাড়ায় ফের সাঁড়াশি অভিযান চালিয়ে গুঁড়িয়ে দিয়েছে ২টি অবৈধ ইটভাটা। রোববার (৩১ জানুয়ারি) দিনব্যাপী পরিবেশ অধিদপ্তর ও চট্টগ্রাম জেলা প্রশাসনের যৌথ অভিযানে উপজেলার সদর ইউনিয়নের উজিরভিটা এলাকায় এসব ইটভাটা গুঁড়িয়ে দেয়া হয়। এ সময় ধ্বংস করা হয়েছে ভাটায় তৈরিকৃত কাঁচা ইট।

গুঁড়িয়ে দেয়া ইটভাটাগুলো হল, ইউপি চেয়ারম্যান নুরুচ্ছফা চৌধুরীর মালিকানাধীন ‘কেএনবি’ ইটভাটা ও সৈয়দ মাষ্টারের মালিকানাধীন ‘এলবিসি’ ইটভাটা। এসব ইটভাটার পরবর্তী কার্যক্রম বন্ধ রাখারও নির্দেশ দেয়া হয়েছে।

অভিযানে নেতৃত্ব দেন চট্টগ্রাম জেলা প্রশাসকের নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. জিল্লুর রহমান ও বাংলাদেশ পরিবেশ অধিদপ্তর চট্টগ্রাম জেলা কার্যালয়ের উপ-পরিচালক জমির উদ্দিন। এছাড়া সাথে ছিলেন সাতকানিয়া ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার মো. জুলহাস উদ্দিন, র্যাব- ৭’র ডিএডি আবদুল হক ও পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারী, ফায়ার সার্ভিসের সদস্য, র্যাব, পুলিশসহ বিপুল সংখ্যক আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য।

চট্টগ্রাম জেলা প্রশাসকের নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. জিল্লুর রহমান জানান, ইট প্রস্তুত ও ভাটা স্থাপন নিয়ন্ত্রণ আইন- ২০১৩ অমান্য করে অবৈধভাবে ফসলি জমি ও জনবসতি এলাকায় ভাটা গড়ে তোলায় হাইকোর্টের নির্দেশে এ অভিযান পরিচালিত হয়েছে। উচ্ছেদকৃত ইটভাটাগুলোতে জেলা প্রশাসকের কার্যালয় প্রদত্ত লাইসেন্স, পরিবেশগত ছাড়পত্র, বনবিভাগের ছাড়পত্র ও বিএসটিআই’র মানপত্র নেই। সম্পূর্ণ অবৈধভাবে এসব ইটভাটা কার্যক্রম পরিচালনা করছিল। ধারাবাহিকভাবে অবৈধভাবে গড়ে ওঠা ইটভাটায় অভিযান চলমান থাকবে।

উল্লেখ্য, গত ২১ ও ২২ ডিসেম্বর লোহাগাড়ায় পরিবেশ অধিদপ্তর ও চট্টগ্রাম জেলা প্রশাসনের যৌথ অভিযান চালিয়ে গুঁড়িয়ে দিয়েছে ৭টি

ইটভাটা। এছাড়া গত ১৮ জানুয়ারি তিন ইটভাটায় জরিমানা করেছে ৬ লাখ টাকা।